

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

এডি-পি১-০৪৭৮/ ৫৬৫

১৮ জুন ২০১৯

প্রেরকঃ মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপকঃ জনাব এস. এম. মায়হারুল ইসলাম
সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়


বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন সফর উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, বেইজিং-কে সফরের প্রস্তুতিমূলক কাজে সহযোগিতার নিমিত্ত আগামী ২২ জুন ২০১৯ থেকে ০৫ জুলাই ২০১৯ তারিখ পর্যন্ত চীন সফরের মঞ্জুরি প্রসঙ্গে

আদিষ্ট হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন সফর উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, বেইজিং-কে সফরের প্রস্তুতিমূলক কাজে সহযোগিতার নিমিত্ত আগামী ২২ জুন ২০১৯ থেকে ০৫ জুলাই ২০১৯ তারিখ পর্যন্ত আপনার চীন সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলী নিম্নরূপঃ


- ক) ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবে।
- খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থ-বছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে সংকুলান করা হবে।
- ঘ) আপনি আগামী ২২ জুন ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে চীনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ০৫ জুলাই ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে চীন ত্যাগ করবেন।
- ঙ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি চীনে অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)
সহকারী সচিব (সংস্থাপন-১)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১। মহাপরিচালক (প্রশাসন/পূর্ব এশিয়া ও প্রশান্ত/কনসুলার), রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অডিট ও পেনশন/তহবিল/আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন সংক্রান্ত সহযোগিতার অনুরোধসহ), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৬। বাংলাদেশ দূতাবাস, বেইজিং।
- ০৭। সংশ্লিষ্ট কর্মকর্তার নথি।


(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)
সহকারী সচিব (সংস্থাপন-১)